রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১০, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শাখা আইন-১

প্রজ্ঞাপন

তারিখ: ২৫শে ফাল্গুন, ১৪০০/৯ই মার্চ, ১৯৯৪

এস, আর, ও নং ৯৯-আইন/৯৪/শা-আইন-১/১ আর-৬/৯৩/৮—Dhaka City Corporation O dinance, 1983 (XL of 1983) এর section 4(3), section 157 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা—এই বিধিমালা ঢাকা সিটি কর্পোরেশন সংরক্ষিত আসন (মহিলা কমিশনার) নির্বাচন বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ Dhaka City Corporation Ordinance, 1983 (XL of 1983);

(খ) "কর্পোরেশন" অর্থ ঢাকা সিটি কর্পোরেশন;

(গ) "ধারা" অর্থ অধ্যাদেশের কোন section;

(ঘ) "নির্বাচন" অর্থ সংরক্ষিত আসনে নির্বাচন;



মূল্য : টাকা ৬.০০

(ঙ) "নির্বাচন এলাকা" অর্থ বিধি ৩ এর অধীন নির্ধারিত কোন নির্বাচন এলাকা;

(চ) "প্রার্থী" অর্থ নির্বাচনের কোন প্রার্থী;

(ছ) "ফরম" অর্থ এই বিধিমালার কোন ফরম;

(জ) "ভোটার" অর্থ অধ্যাদেশের ধারা ৪ অনুসারে Dhaka City Corporation (Election of Mayor and Commissioners) (Direct Election) Rules, 1983 এর অধীন নির্বাচিত মেয়র ও কমিশনার;

(ঝ) "রিটার্নিং অফিসার" অর্থ বিধি ৪এ উল্লিখিত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ঞ) "সংরক্ষিত আসন" অর্থ মহিলা কমিশনারগণের জন্য অধ্যাদেশের section 4(3) তে উল্লিখিত reserved seat।

৩। নির্বাচন এলাকা নির্ধারণ—(১) এলাকার অখণ্ডতা এবং যতদুর সম্ভব জনসংখ্যার বিন্যাসের প্রতি লক্ষ্য রাখিয়া সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য জেলা প্রশাসক কর্পোরেশনের এলাকাকে, সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে প্রদত্ত নির্দেশ অনুসারে, নির্ধারিত সংখ্যক নির্বাচন এলাকায় বিভক্ত করিবেন।

(২) প্রত্যেক নির্বাচন এলাকা হইতে একজন করিয়া মহিলা সংরক্ষিত আসনের কমিশনার হিসাবে নির্বাচিত হইবে।

৪। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার—(১) নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার হইবেন জেলা প্রশাসক, ঢাকা।

(২) অধ্যাদেশ এবং এই বিধিমালার বিধানাবলী অনুসারে নির্বাচন অনুষ্ঠান ও পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল কার্য সম্পাদন করা রিটার্নিং অফিসারের কর্তব্য হইবে।

(৩) নির্বাচন পরিচালনার ব্যাপারে তাঁহাকে সহায়তা করার জন্য রিটার্নিং অফিসার ঢাকা জেলায় কর্মরত সরকারী কর্মকর্তাগণের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতে পারিবেন।

(৪) রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণ এবং তৎকর্তৃক প্রদত্ত নির্দেশ সাপেক্ষে, সহকারী রিটার্নিং অফিসার রিটার্নিং অফিসারের ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন।

৫। নির্বাচনের বিভিন্ন পর্যায়ের তারিখ সম্পর্কিত প্রজ্ঞাপন—(১) নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে রিটার্নিং অফিসার, এতদুদ্দেশ্যে সরকারের নির্দেশ সাপেক্ষে, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, নিম্নরূপ তারিখসমূহ নির্ধারণ করিবেন, যথা:—

(ক) প্রার্থী মনোনয়নের তারিখ, যাহা উক্ত প্রজ্ঞাপন প্রকাশের তারিখের অন্ততঃ সাত দিন পরের একটি তারিখ হইবে;

(খ) মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ;

(গ) প্রার্থীতা প্রত্যাহারের তারিখ;

(ঘ) ভোট গ্রহণের তারিখ, যাহা প্রার্থীতা প্রত্যাহরের তারিখ হইতে অন্ততঃ পনের দিন পরের একটি তারিখ হইবে।

(২) রিটার্নিং অফিসার উপ বিধি (১) এর অধীন প্রকাশিত প্রজ্ঞাপনের অনুলিপি তাঁহার এবং কর্পোরেশনের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং তৎকর্তৃক গুরুত্বপূর্ণ বিবেচিত কর্পোরেশনের অন্যান্য প্রকাশ্য স্থানে সাঁটিয়া দিবেন।

৬। প্রার্থীর যোগ্যতা—অধ্যাদেশের ধারা ১১ এর অধীন মেয়র বা কমিশনার হইবার যোগ্যতা সম্পন্ন যে কোন মহিলা নির্বাচনে প্রার্থী হইবার যোগ্য হইবেন।

৭। মনোনয়ন—কোন সংরক্ষিত আসনে নির্বাচনের উদ্দেশ্যে কোন ভোটার, বিধি ৬ মোতাবেক প্রার্থী হইবার যোগ্যতা সম্পন্ন সংশ্লিষ্ট নির্বাচন এলাকার কোন বাসিন্দার নাম প্রস্তাব বা অনুরূপ প্রস্তাব সমর্থন করিতে পারিবেন।

ব্যাখ্যা।—এই উপ-বিধির উদ্দেশ্যে পূরণকল্পে "বাসিন্দা" অর্থ বিধি ২(জ)তে উল্লিখিত বিধিমালার অধীন নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ওয়ার্ডের জন্য প্রস্তুতকৃত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত কোন মহিলা।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন প্রস্তাব ও সমর্থন ফরম 'ক'তে বিধৃত মনোনয়নপত্র আকারে দাখিল করিতে হইবে।

(৩) মনোনয়পত্র প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক দস্তখতকৃত বা টিপসহিকৃত হইতে হইবে এবং উহাতে প্রার্থী এই মর্মে প্রত্যয়ন করিবেন যে, তিনি তাঁহার মনোনয়নে সম্মত আছেন এবং এই বিধিমালা, অধ্যাদেশ বা আপাততঃ বলবৎ অন্য কোন আইন অনুসারে তিনি অযোগ্য নহেন।

(৪) প্রতিটি মনোনয়পত্র প্রার্থী, প্রস্তাবকারী বা সমর্থনকারী কর্তৃক উহা দাখিলের তারিখে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে এবং রিটার্নিং অফিসার উহা দাখিলের তারিখ ও সময় মনোনয়নপত্রে লিপিবদ্ধ করিবেন।

৮। জামানত—(১) প্রত্যেক প্রার্থীকে নির্বাচনের জামানত হিসাবে দুই হাজার টাকা নগদে বা সরকারী ট্রেজারী বা কোন তফসীলি ব্যাংকে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নগদ টাকা রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হইবে যিনি উহার স্বীকৃতিস্বরূপ ফরম 'খ' পূরণ করিয়া একটি রশিদ প্রদান করিবেন।

(৩) রিটার্নিং অফিসার অথবা, ক্ষেত্রমত, কোন প্রার্থী এই বিধির অধীন প্রদেয় জামানতের টাকা "৮৮ বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা (১) (বেসামরিক জমা—নির্বাচন) সংক্রান্ত জমা" খাতে জমা দিবেন।

(৪) কোন প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হইলে, একাধিক জামানতের প্রয়োজন হইবে না।

(৫) এই বিধির অধীন প্রদেয় জামানতের টাকা জমাদানের প্রমাণস্বরূপ রিটার্নিং অফিসার কর্তৃক ইস্যুকৃত রশিদ বা, ক্ষেত্রমত, ট্রেজারী চালান বা কোন তফসীলি ব্যাংকের রশিদ এর কপি মনোনয়নপত্রের সহিত জমা দিতে হইবে, অন্যথায় রিটার্নিং অফিসার মনোনয়নপত্র গ্রহণ করিবেন না।

৯। বাছাই—(১) প্রার্থীর প্রস্তাবকারী ও সমর্থনকারী এবং প্রার্থী নিজে বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রদত্ত অন্য একজন ব্যক্তি মনোনয়নপত্র বাছাইয়ের সময় উপস্থিত থাকিতে পারিবেন।

(২) রিটার্নিং অফিসার তাহার নিকট দাখিলকৃত সকল মনোনয়নপত্র পরীক্ষার বিষয়টি পরিদর্শনের জন্য উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যক্তিগণকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবেন।

(৩) রিটার্নিং অফিসার উক্ত বাছাই এর সময় উপস্থিত ব্যক্তিগণের সম্মুখে মনোনয়নপত্র পরীক্ষা করিবেন এবং কোন মনোনয়নের ব্যাপারে তাহাদের উত্থাপিত আপত্তি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) রিটার্নিং অফিসার তাহার নিজ উদ্যোগে অথবা উপ-বিধি (১) এ উল্লিখিত কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে, তৎকর্তৃক উপযুক্ত বলিয়া বিবেচিত প্রয়োজনীয় তদন্ত করিতে পারিবেন; এবং তিনি যে কোন মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে,—

(ক) প্রার্থী সংরক্ষিত আসনে নির্বাচিত হইবার যোগ্য নহেন; অথবা

(খ) প্রস্তাবকারী বা সমর্থনকারী ভোটার নহেন; অথবা

(গ) বিধি ৬ বা বিধি ৭ এর কোন বিধান পালন করা হয় নাই; অথবা

(ঘ) প্রস্তাবকারী বা সমর্থনকারীর স্বাক্ষর তাহার নহে;

তবে শর্ত থাকে যে,—

(অ) কোন মনোনয়নপত্র বাতিল হইলে তাহা সংশ্লিষ্ট প্রার্থীর অন্য কোন বৈধ মনোনয়নকে অবৈধ প্রতিপন্ন করিবে না; এবং

(আ) রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র এইরূপ কোন ত্রুটির কারণে বাতিল করিবেন না যাহা গুরুতর প্রকৃতির নহে এবং তিনি অনুরূপ যে কোন ত্রুটি অবিলম্বে সংশোধনের জন্য অনুমতি দিতে পারিবেন।

(৫) মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল করার সময়ে রিটার্নিং অফিসার উহাতে তাঁহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিয়া স্বাক্ষর করিবেন এবং তিনি যদি উহা বাতিল করেন, তাহা হইলে উহার কারণ সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণ লিপিবদ্ধ করিবেন।

১০। মনোনয় বাতিলের বিরুদ্ধে আপীল—(১) বিধি ৯ এর অধীন কোন প্রার্থীর মনোনয়পত্র রিটার্নিং অফিসার বাতিল করিলে, উক্ত প্রার্থী, বাছাইয়ের তারিখের পাঁচ দিনের মধ্যে, উক্ত বাতিলের বিরুদ্ধে বিভাগীয় কমিশনারের নিকট আপীল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দায়েরকৃত আপীল, তৎসম্পর্কে সংক্ষিপ্ত তদন্ত ও পরীক্ষার পর এবং উহা দায়েরের তারিখ হইতে দুই দিনের মধ্যে নিষ্পন্ন করিতে হইবে এবং আপীলে প্রদত্ত বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

১১। বৈধভাবে মনোনীত প্রার্থীগণের তালিকা প্রকাশ—(১) রিটার্নিং অফিসার বিধি ৯ এর অধীনে মনোনয়পত্র বাছাইয়ের পর নির্বাচন এলাকা ভিত্তিক বৈধভাবে মনোনীত প্রার্থীগণের তালিকা প্রস্তুত করিয়া তাঁহার এবং কর্পোরেশনের কার্যালয়ে নোটিশ বোর্ডে লটকাইয়া প্রকাশ করিবেন।

(২) বিধি ১০ এর অধীন আপীল করা হইলে উহার উপর প্রদত্ত সিদ্ধান্তের ভিত্তিতে রিটার্নিং অফিসার, প্রয়োজনবোধে উপ-বিধি (১) এর অধীন প্রকাশিত তালিকা সংশোধন করিবেন এবং সংশোধিত তালিকাটিও তাঁহার ও কর্পোরেশনের কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া প্রকাশ করিবেন।

১২। প্রার্থীতা প্রত্যাহার—বিধি ১১ এর অধীন প্রকাশিত তালিকায় অর্ন্তভুক্ত কোন প্রার্থী রিটার্নিং অফিসারের উদ্দেশ্যে স্বাক্ষর বা টিপসহিযুক্ত নোটিশের মাধ্যমে তাহার প্রার্থীতা প্রত্যাহার করিতে পারিবেন।

১৩। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা—বিধি ১২ এর অধীন প্রার্থীতা প্রত্যাহারের তারিখের পর রিটার্নিং অফিসার প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের তালিকা প্রস্তুত করিয়া তাঁহার এবং কর্পোরেশনের কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া প্রকাশ করিবেন।

১৪। ভোট গ্রহণের পূর্বে প্রার্থীর মৃত্যু—ভোট গ্রহণের পূর্বে যদি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মৃত্যু হয় তাহা হইলে, অবশিষ্ট প্রার্থীগণের মধ্যে ভোট গ্রহণ সীমাবদ্ধ থাকিবে।

১৫। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন—যদি কোন নির্বাচন এলাকার নির্বাচনে বৈধভাবে মনোনীত প্রার্থীর সংখ্যা একজন হয়, তাহা হইলে রিটার্নিং অফিসার তাঁহাকে যথাযথভাবে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

১৬। ভোট গ্রহণ—যদি কোন নির্বাচন এলাকার প্রার্থীর সংখ্যা একাধিক হয়, তাহা হইলে ভোট অনুষ্ঠিত হইবে এবং তদুদ্দেশ্যে রিটার্নিং অফিসার ভোট গ্রহণের নির্ধারিত তারিখের অন্ততঃ পাঁচ দিন পূর্বে কর্পোরেশনের কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং রিটার্নিং অফিসার কর্তৃক প্রয়োজনীয় বলিয়া বিবেচিত সংশ্লিষ্ট নির্বাচন এলাকার গুরুত্বপূর্ণ প্রকাশ্য স্থানে বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম, মনোনয়পত্রে উল্লিখিতরূপে তাঁহদের ঠিকানাসহ, একটি তালিকা প্রকাশ করিবেন।

১৭। ভোট গ্রহণের স্থান ও সময়—(১) রিটার্নিং অফিসার ভোট গ্রহণের স্থান ও সময় নির্ধারণ করিয়া নোটিশ দিবেন এবং উক্ত নোটিশ বিধি ৫(২) এ উল্লিখিত স্থানে সাঁটিয়া দিবেন।

(২) ভোট গ্রহণের তারিখে সকাল ১০ ঘটিকা হইতে বিকাল ৪ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ করা হইবে।

১৮। ব্যালট পেপার, ভোট গ্রহণ, ইত্যাদি—(১) প্রতিটি সংরক্ষিত আসনের নির্বাচনে ভোট গ্রহণের জন্য শুধুমাত্র উক্ত নির্বাচন এলাকার প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম সম্বলিত ব্যালট পেপার ফরম 'খ' অনুযায়ী ছাপানো হইবে।

(২) ভোট গ্রহণের সময় উপস্থিত প্রত্যেক ভোটারকে রিটার্নিং অফিসার প্রতিটি নির্বাচন-যোগ্য সংরক্ষিত আসনের জন্য একটি করিয়া ব্যালট পেপার সরবরাহ করিবেন।

(৩) প্রত্যেক ব্যালট পেপারের অপর পৃষ্ঠায় রিটার্নিং অফিসারের সীলমোহরযুক্ত স্বাক্ষর থাকিবে।

(৪) প্রদত্ত ভোটের ব্যালট পেপার জমা করার জন্য ভোট গ্রহণের কক্ষে রিটার্নিং অফিসার তাঁহার সম্মুখে একটি ব্যালট বাক্স রাখিবেন এবং ভোট গ্রহণ শুরু হওয়ার নির্ধারিত সময়ের অন্ততঃ আধ ঘন্টা পূর্বে রিটার্নিং অফিসার,—

(ক) ব্যালট বাক্সটি খালি রহিয়াছে মর্মে নিশ্চয়তা বিধানের উদ্দেশ্যে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে বা তাঁহাদের প্রতিনিধিগণকে, যদি উপস্থিত থাকেন, ব্যালট বাক্সটি দেখাইবেন; এবং

(খ) উক্তরূপে ব্যালট বাক্সটি দেখাইবার পর উহা তালাবদ্ধ এবং সীলমোহরযুক্ত করিবেন।

(৫) ব্যালট পেপার প্রাপ্তির পর প্রত্যেক ভোটার রিটার্নিং অফিসার কর্তৃক নির্ধারিত একটি সংরক্ষিত স্থানে যাইবেন এবং তিনি প্রতি নির্বাচন এলাকা হইতে একজন করিয়া মহিলা কমিশনার নির্বাচনের উদ্দেশ্যে উক্ত নির্বাচন এলাকার একজন প্রার্থীর নামের বিপরীতে সংশ্লিষ্ট ব্যালট পেপারে 'X' (ক্রশ) চিহ্ন প্রদান করিয়া তাহাকে সরবরাহকৃত সকল ব্যালট পেপার রিটার্নিং অফিসারের সম্মুখে রক্ষিত ব্যালট বাক্সের ভিতরে প্রবেশ করাইবেন।

১৯। নষ্ট ও বাতিলকৃত ব্যালট পেপার—(১) যদি কোন ভোটার অসাবধানতাবশতঃ তাঁহার ব্যালট পেপার এইরূপভাবে ব্যবহার করেন যে, উহা সুবিধাজনকভাবে ব্যালট পেপার হিসাবে আর ব্যবহার করা যায় না তাহা হইলে তিনি উক্ত নষ্ট ব্যালট পেপারের পরিবর্তে রিটার্নিং অফিসারের নিকট অপর একটি ব্যালট পেপারের জন্য আবেদন করিতে পারিবেন এবং যদি রিটার্নিং অফিসার উক্ত অসাবধানতার বিষয় সম্পর্কে সন্তুষ্ট হন, তাহা হইলে তিনি উক্ত নষ্ট ব্যালট পেপারের পরিবর্তে সংশ্লিষ্ট ভোটারকে অপর একটি ব্যালট পেপার প্রদান করিবেন; এবং নষ্ট ব্যালট পেপারটি তাঁহার স্বাক্ষরে বাতিল করা হইবে।

(২) যদি কোন ভোটার ব্যালট পেপার, পাইবার পর তাহা ব্যবহার না করেন, তবে তিনি উহা রিটার্নিং অফিসারের নিকট ফেরত দিবেন এবং রিটার্নিং অফিসার উহা তাঁহার স্বীয় স্বাক্ষরে বাতিল করিবেন।

(৩) কোন ভোটারকে ব্যালট পেপার প্রদান করার পর যদি তিনি উহা ব্যালট বাক্সে প্রবেশ না করান এবং যদি উহা ভোট কেন্দ্রের কোন স্থানে অথবা উহার নিকটে দেখিতে পাওয়া যায় তাহা হইলে রিটার্নিং অফিসারের স্বাক্ষরে উহা বাতিল করা হইবে।

২০। ভোট গণনা ও ফলাফল ঘোষণা—(১) ভোট গ্রহণ শেষ হওয়ার পর রিটার্নিং অফিসার প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁহাদের প্রতিনিধি উপস্থিত থাকিলে তাঁহাদের সম্মুখে ব্যালট বাক্স খুলিয়া প্রদত্ত ভোট গণনা করিবেন।

(২) কোন ভোটার কোন নির্বাচন এলাকার একাধিক প্রার্থীর নামের বিপরীতে 'X' (ক্রশ) চিহ্ন প্রদান করিলে বা 'X' (ক্রশ) চিহ্নের পরিবর্তে অন্য কোন চিহ্ন ব্যবহার করিলে উক্ত ব্যালট পেপার বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) কোন নির্বাচন এলাকা হইতে যে প্রার্থী সর্বাধিক বৈধ ভোট প্রাপ্ত হইবেন তাঁহাকে রিটার্নিং অফিসার উক্ত নির্বাচন এলাকা হইতে নির্বাচিত বলিয়া ফরম 'ঘ'তে ঘোষণা করিবেন।

(৪) যে ক্ষেত্রে দুই বা ততোধিক প্রার্থীর অনুকূলে সমসংখ্যক ভোট রেকর্ড হওয়ার কারণে কাহাকেও নির্বাচিত বলিয়া ঘোষণা করা যায় না, সে ক্ষেত্রে রিটার্নিং অফিসার যেরূপ

উপযুক্ত মনে করেন সেইরূপ পদ্ধতিতে লটারীর মাধ্যমে উক্ত প্রার্থীগণের মধ্য হইতে একজন প্রার্থীকে ফরম "খ"তে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

২১। ফলাফল প্রকাশ—বিধি ২০(৩) অথবা ক্ষেত্রমত বিধি ২০(৪) এর অধীন নির্বাচনের ফলাফল ঘোষণার পর রিটার্নিং অফিসার বিধি ১৫ এর অধীন বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত প্রার্থীসহ নির্বাচন এলাকা ভিত্তিক নির্বাচিত বলিয়া ঘোষিত, সকল প্রার্থীর নাম ও ঠিকানা ১৫ দিনের মধ্যে সরকারী গেজেটে প্রকাশ করিবেন।

২২। নির্বাচন সংক্রান্ত কাগজপত্র সংরক্ষণ—রিটার্নিং অফিসার নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সীলমোহর করিয়া তাহার কার্যালয়ে সংরক্ষণ করিবেন এবং সরকারের নির্দেশ অনুযায়ী উক্ত কাগজপত্র ধ্বংস বা তৎসম্পর্কে অন্যাবিধ ব্যবস্থা গ্রহণ করিবেন।

২৩। জামানত ফেরত বা বাজেয়াপ্ত—(১) কোন প্রার্থীর মনোনয়ন বাতিল করা হইলে বা তিনি তাহার প্রার্থীতা প্রত্যাহার করিলে বা নির্বাচন অনুষ্ঠান হইবার পূর্বে তিনি মৃত্যুবরণ করিলে বা উপ-বিধি (২) মোতাবেক জামানত বাজেয়াপ্ত না হইলে তাঁহার প্রার্থীতার বিপরীতে প্রদত্ত জামানতের টাকা তাহাকে বা, ক্ষেত্রমত, তাহার উত্তরাধিকারীকে, ফেরত দেওয়া হইবে।

(২) ভোট গণনা সমাপ্ত হইবার পর যদি দেখা যায় যে, কোন প্রার্থী সংশ্লিষ্ট নির্বাচন এলাকার নির্বাচনে প্রদত্ত ভোটের এক অষ্টমাংশ ($\frac{1}{8}$) অপেক্ষা কম ভোট পাইয়াছেন তাহা হইলে তাঁহার জামানতের টাকা বাজেয়াপ্ত করিয়া কর্পোরেশনের তহবিলে জমা করা হইবে।

(৩) কোন নির্বাচনের বৈধতার ব্যাপারে প্রশ্ন উত্থাপন করিয়া বিধি ২৪ অনুসারে কোন নির্বাচনী দরখাস্ত দাখিল করা হইলে উহার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত নির্বাচন সংক্রান্ত জামানত কোন প্রার্থীকে ফেরত দেওয়া হইবে না বা উহা বাজেয়াপ্তও করা হইবে না।

(৪) এই বিধির অধীন জামানতের টাকা ফেরত পাওয়ার জন্য সংশ্লিষ্ট প্রার্থীর বা, ক্ষেত্রমত তাঁহর উত্তরাধিকারী রিটার্নিং অফিসারের নিকট আবেদন করিবেন এবং রিটার্নিং অফিসারের অনুমতি ব্যতিরেকে জামানতের টাকা ফেরত প্রদান করা যাইবে না।

২৪। অন্যান্য বিষয়—Dhaka City Corporation (Election of Mayor and Commissioners) (Direct Election) Rules, 1983 এর Part III ও Part IV এর বিধান, প্রয়োজনীয় অভিযোজন (adaptation) সহ, এই বিধিমালার অধীন নির্বাচনী বিরোধ এবং নির্বাচনী অপরাধ, দণ্ড ও পদ্ধতির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ফরম 'ক'

[বিধি ৭(২) দ্রষ্টব্য]

সংরক্ষিত আসনে কমিশনার নির্বাচনে প্রার্থীর মনোনয়ন পত্র

.......................... সিটি কর্পোরেশন ..........................

.......................... নির্বাচনী এলাকা নম্বর ..........................

১। প্রার্থীর নাম ..........................

২। পিতার নাম/স্বামীর নাম ..........................

৩। বাসস্থানের ঠিকানা ..........................

৪। যে ওয়ার্ডের ভোটার তালিকায় প্রার্থীর নাম অন্তর্ভুক্ত, উহার নাম অথবা নম্বর এবং সেই তালিকায় তাহার ক্রমিক সংখ্যা। ..........................

৫। প্রস্তাবকারীর নাম ..........................

৬। যে ওয়ার্ডের ভোটার তালিকায় প্রস্তাবকারীর নাম অন্তর্ভুক্ত, উহার নাম অথবা নম্বর এবং সেই তালিকায় প্রস্তাবকারীর ক্রমিক সংখ্যা। ..........................

৭। সমর্থনকারীর নাম ..........................

৮। যে ওয়ার্ডের ভোটার তালিকায় সমর্থনকারীর নাম অন্তর্ভুক্ত, উহার নাম বা নম্বর এবং সেই তালিকায় সমর্থনকারীর ক্রমিক সংখ্যা। ..........................

৯। বিধি ৮(১) অনুসারে জমাকৃত টাকার রশিদ/ ট্রেজারীর চালানের কপি এই সংগে সংযোজিত করিতে হইবে। ..........................

১০। প্রস্তাবকারীর স্বাক্ষর/বাম বৃদ্ধাংগুলির টিপসই এবং তারিখ। ..........................

১১। সমর্থনকারীর স্বাক্ষর/বাম বৃদ্ধাংগুলির টিপসই এবং তারিখ। ..........................

আমি উপরি-উক্ত মনোনয়নে সম্মতি দান করিয়াছি এবং ঘোষণা করিতেছি যে, আমি আপাততঃ প্রচলিত কোন আইন অনুসারে সংরক্ষিত আসনে কমিশনার পদে নির্বাচিত হওয়ার অযোগ্য নহি।

তারিখ : .......................... ..........................

প্রার্থীর স্বাক্ষর/বাম বৃদ্ধাংগুলির টিপসই।

(ফরম 'ক' এর ২য় পৃঃ)

(রিটার্নিং অফিসার পুরণ করিবেন)

ক্রমিক সংখ্যা ....................

মনোনয়নপত্র দাখিলের সার্টিফিকেট

.................... সিটি কর্পোরেশনের ..............................
................ নির্বাচন এলাকার (নং/নাম) জন্য সংরক্ষিত আসনের কমিশনার পদে নির্বাচনের জন্য প্রার্থী বেগম ........................ এর মনোনয়নপত্র ......... ......... তারিখ .................. ঘটিকায় আমার নিকট দাখিল করা হয়।

....................

তারিখ ................. রিটার্নিং অফিসারের স্বাক্ষর

মনোনয়নপত্র বাছাইয়ের সার্টিফিকেট

প্রার্থী, প্রস্তাবকারী এবং সমর্থনকারীর যোগ্যতা যাচাই করিয়া দেখা যায় যে, সংরক্ষিত আসনে কমিশনার নির্বাচনে তাঁহারা যথাক্রমে নির্বাচনে প্রার্থী হইবার, মনোনয়পত্র প্রস্তাব ও সমর্থন করিবার যোগ্য।

মনোনয়নপত্রটি পরীক্ষান্তে নিম্নলিখিত কারণে উহা প্রত্যাখ্যান করা হইল :

..............................................................................
..............................................................................
..............................................................................
..............................................................................

তারিখ : .................... ....................

রিটার্নিং অফিসারের স্বাক্ষর

এখানে পারফোরেশন (Perforation) থাকিবে।

ক্রমিক নং .........

প্রাপ্তি স্বীকৃতি

......... সিটি কর্পোরেশনের নির্বাচন এলাকা ........... (নং/নাম) এর জন্য সংরক্ষিত আসনে কমিশনার পদে নির্বাচন প্রার্থী বেগম ........................ এর মনোনয়নপত্র .................. তারিখে .............. ঘটিকায় আমার নিকট দাখিল করা হয়। মনোনয়ন বাছাই .................. তারিখে .............. হইতে ...... ...... ঘটিকার মধ্যে .................... অনুষ্ঠিত হইবে ....................

....................

তারিখ : .................. রিটার্নিং অফিসারের স্বাক্ষর

ফরম 'খ'

[বিধি ৮(২) দ্রষ্টব্য]

রশিদ

(এই অংশ জমাদানকারীকে প্রদান করিতে হইবে)

| | |
|---|---|
| ক্রমিক সংখ্যা.................. | ক্রমিক সংখ্যা........................ |
| নির্বাচন এলাকা নং............... | সিটি কর্পোরেশনের সংরক্ষিত (নির্বাচন এলাকার জন্য (আসনের নির্বাচন প্রার্থী বেগম....... ................................... |
| প্রাপ্ত টাকার অংক.................. | |
| জমাদানকারী.................... | এর নিকট হইতে নগদ.............. |
| জামানত বহিতে ক্রমিক সংখ্যা....... | ......টাকা (অক্ষরে)............টাকা বুঝিয়া পাইলাম এবং জামানত বহিতে.......ক্রমিক সংখ্যায় |
| প্রার্থীর নাম.................... | লিপিবদ্ধ করিলাম। |
| তারিখ.................... | তারিখ........................ |
| ....................<br>রিটার্নিং অফিসারের স্বাক্ষর | ..........................<br>রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সীলমোহর |

ফরম 'গ'

[বিধি ১৮(১) দ্রষ্টব্য]

ব্যালট পেপার

ঢাকা সিটি কর্পোরেশন এর জন্য সংরক্ষিত আসনের নির্বাচন

| প্রার্থীর নাম | ভোটার কর্তৃক ক্রস চিহ্ন প্রদান করিবার স্থান। |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |

ফরম 'ঘ'

[বিধি ২০(৩) ও ২০(৪) দ্রষ্টব্য]

..............................কর্পোরেশনের

সংরক্ষিত আসনে নির্বাচনের ফলাফল।

| ক্রমিক সংখ্যা | নির্বাচন এলাকা নং ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম | প্রদত্ত ভোট বৈধ ভোট | বাতিল ভোট |
|---|---|---|---|
| | | | |

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, নিম্নে বিধৃত ছকের কলাম-১ এ উল্লিখিত নির্বাচন এলাকার সংরক্ষিত আসনে, উহার বিপরীতে কলাম-২ এ উল্লিখিত প্রার্থীগণ, কলাম-৩ এ উল্লিখিত সর্বোচ্চ ভোট/ এবং লটারীর ফলাফল এর ভিত্তিতে নির্বাচিত হইয়াছেন :

| ন নং | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম ও ঠিকানা<br>২ | প্রাপ্ত সর্বোচ্চ ভোট/সর্বোচ্চ ভোট এবং লটারী<br>৩ |
|---|---|---|
| | | |

তারিখ:

রিটার্নিং অফিসার

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, নাজমুল আলম সিদ্দিকী
যুগ্ম-সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।